# রাজশাহী বোর্ড-২০১৭

## বাংলা প্রথম পত্র

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

১.▶ আবিদ এমএ পাস যুবক। ছাত্র জীবনে সে পাঠ্যপুস্তক মুখস্থ করে ভালো রেজাল্ট করেছে। একদিন তার এক বন্ধু তাকে নিয়ে বিশ্বসাহিত্য কেন্দ্রে যায়। সেখানে সে বিভিন্ন বই দেখে আগ্রহী হয় এবং একটি দুটি করে বই এনে পড়তে শুরু করে। কিছুদিনের মধ্যেই সে অনুধাবন করে যে, এতদিন কেবল পাঠ্যপুস্তক পড়ে সে সুশিক্ষিত হতে পারেনি। যথার্থ শিক্ষিত হতে মনের যে প্রসারতা দরকার তা সে অর্জন করতে পারেনি। বিশ্বসাহিত্য কেন্দ্রের বই তার মনের জানালা খুলে দিয়েছে। এখন সে অনুভব করে যে দেশের প্রতিটি গ্রামে লাইব্রেরি প্রতিষ্ঠা করা প্রয়োজন।

ক. বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে? ১

খ. 'ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়।'— কেন? ২

গ. উদ্দীপকে আবিদের এ দৃষ্টিভঙ্গি 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটির ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "আবিদের সুশিক্ষিত না হওয়ার কারণ প্রচলিত শিক্ষা ব্যবস্থার ত্রুটি।" বই পড়া প্রবন্ধের আলোকে এ উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

২.▶ সাতকোটি সন্তানেরে হে মুগ্ধ জননী?
রেখেছো বাঙালি করে— মানুষ কর নি।

ক. বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন? ১

খ. 'নিরীহ বাঙালি' প্রবন্ধে 'পাস বিক্রয়' বলতে লেখিকা কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকে 'নিরীহ বাঙালি' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'নিরীহ বাঙালি' প্রবন্ধের সমগ্রভাব ধারণ করতে সক্ষম হয়েছে?— তোমার মতামত যুক্তি সহকারে উপস্থাপন করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩.▶ গফুর লজ্জিত হইয়া বলিল, বাপ বেটিতে দু বেলা দুটো পেটভরে খেতে পর্যন্ত পাইনে। ঘরের পানে চেয়ে দেখ, বিষ্টি বাদলে মেয়েটিকে নিয়ে কোণে বসে রাত কাটাই, পা ছড়িয়ে শোবার ঠাঁই মেলে না। মহেশকে একটিবার তাকিয়ে দেখ, পাঁজরা গোনা যাচ্ছে। দাও না ঠাকুর মশাই কাহন-দুই ধার, গরুটাকে দু'দিন পেটপুরে খেতে দিই। বলিতে বলিতেই গফুর ধপ করিয়া ব্রাহ্মণের পায়ের কাছে বসিয়া পরিল। তর্করত্ন কহিলেন, 'আ মর, ছুয়ে ফেলবি না কি?'

ক. গ্রামে নাড়ি দেখতে জানত কে? ১

খ. রসিক হতবুদ্ধির মতো দাঁড়াইয়া রহিল কেন? ২

গ. উদ্দীপকের গফুর চরিত্রটি কোন দিক দিয়ে 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালি চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের তর্করত্ন কি 'অভাগীর স্বর্গ' গল্পের অধর রায়ের সার্থক প্রতিনিধি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ বাংলা সাহিত্যের রয়েছে এক বিশাল ভাণ্ডার। এক শ্রেণির সাহিত্যে ছন্দোবদ্ধ ভাষায় অতীত দিনের কাহিনী কিংবা পৌরাণিক কাহিনীর রসমধুর বর্ণনা পাওয়া যায়। আরেক শ্রেণির সাহিত্যে জীবনের খন্ডাংশ নিয়ে গদ্যে রচিত হয়ে এক ভিন্নধর্মী রসব্যঞ্জনার সৃষ্টি করে। উদ্ভবের দিক থেকেও উভয় শ্রেণির সাহিত্যে রয়েছে বিশাল ব্যবধান।

ক. সাহিত্যের প্রধান ধারা কয়টি? ১

খ. উপন্যাস বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লেখিত ছন্দোবদ্ধ ভাষায় রচিত সাহিত্যের পরিচয় দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত উভয় শ্রেণির সাহিত্যের মধ্যকার পার্থক্য আলোচনা করো। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ ঈদ এলো, ঈদ এলো চান্দু মিয়ার ঘরে,
রঙিন পোশাক দামি খাবার আপনজনের তরে,
পাশের ঘরে পড়ে আছে, রহিমুদ্দির মা,
পেটের ক্ষুধায় কেঁদে মরে তাকে দিলাম না।
এইতো মোদের ঈদ,
গাই সাম্যের গীত।

ক. মসজিদে কে তালা দিল? ১

খ. মোল্লা সাহেব হেসে কুটি কুটি হয় কেন? ২

গ. উদ্দীপকের চান্দু মিয়ার সাথে 'মানুষ' কবিতার মোল্লা-পুরোহিত চরিত্রের যে সাদৃশ্য পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের 'রহিমুদ্দির মা' 'মানুষ' কবিতার বঞ্চিতদের যথার্থ প্রতিনিধি হয়ে উঠতে পেরেছে কি? তোমার মতামতের সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

Teachingbd24.com

৬.▶ মা-মরা খাদিজার কাছে বাংলা সিনেমার একটি গান খুবই প্রিয়—
মায়ের মতো আপন কেহ নাইরে................

..............................................
আমি আঘাত পাইলে তোমার চক্ষে নামে পানি,
সেই পানিতে ধুয়ে মাগো কোলেতে লও টানি,
তুমি যেদিন থাকবে না মা সেদিন আমার হবে কী,
সুখে থাকি দুঃখে থাকি কাহার আসবে যাবে কী।

ক. কবি জসীমউদ্‌দীন কোন কবি নামে খ্যাত? ১
খ. "মোসলমানের আড়ঙ দেখিতে নাই"— মা ছেলেকে কেন একথা বলেছেন? ২
গ. উদ্দীপকের গানটি 'পল্লিজননী' কবিতার সাথে যেদিক থেকে প্রাসঙ্গিক— তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি কি 'পল্লিজননী' কবিতার সমগ্রভাবকে ধারণ করতে সক্ষম হয়েছে?— তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ জন্ম যাদের একাত্তরের পরে,
আমার এ গান শুধুই তাদের তরে।

..........................................
বঙ্গাবন্ধু দিলেন শেষে স্বাধীনতার ডাক
তার ডাকেতে উঠল জেগে মানুষ লাখে লাখ
ছাত্র-যুবক-কৃষক-মজুর সবাই অস্ত্র ধরে
আমার এ গান শুধুই তাদের তরে।

ক. কোন বিদেশি পত্রিকা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাজনীতির কবি আখ্যা দেয়। ১
খ. 'শ্রেষ্ঠ বিকেলের গল্প' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকটির সাথে 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতা কীভাবে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের গান এবং 'স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো'— কবিতাটির বক্তব্য একই প্রজন্মের জন্য"— উক্তিটির সত্যাসত্য যাচাই করো। ৪

## গ অংশ — উপন্যাস

৮.▶ মন্তুর কোনো জমি-জমা নেই। পরের জমিতে খেটে রোজগার করে। লাঙল চষে। ধান বোনে। আবার সে ধান পাকলে পরে কেটে এনে মালিকের গোলাভর্তি করে। তারপর ধানের মওসুম শেষ হয়ে গেলে কলাই, মুগ, তিল, সরিষার ক্ষেতে কাজ করে মন্তু। মাঝে মাঝে এ বাড়ি ও বাড়ি লাকড়ি কাটার চুক্তি নেয়।

ক. শান্তি কমিটির চেয়ারম্যানের নাম কী? ১
খ. বুধার কাছে আলো আঁধার দুটোই সমান কেন? ২
গ. উদ্দীপকের মন্তু এবং 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা উভয়ের জীবনযুদ্ধ একই ধারায় প্রবাহিত— ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের একটি খণ্ডচিত্র মাত্র"— এ উক্তির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯. ▶ আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে,
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি—
তোমার ভয় নেই মা আমরা
প্রতিবাদ করতে জানি।

ক. কার নির্দেশনায় বুধা মিলিটারি ক্যাম্পে মাইন পুঁতে এসেছিল? ১
খ. পাকিস্তানি সেনারা ক্যাম্পে বাঙ্কার বানিয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে— তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশপ্রেমের স্বরূপ 'কাকতাড়ুয়া' উপন্যাসে কতটা প্রতিফলিত হয়েছে?— বিশ্লেষণ করো। ৪

## ঘ অংশ — নাটক

১০. ▶ বৃদ্ধ কাশেম আলির নিঃসন্তান স্ত্রী বিশ বছর আগে মারা গেছেন। সন্তান না থাকায় এ দীর্ঘ সময় কাশেম আলি নিঃসঙ্গভাবে কাটিয়েছেন। দ্বিতীয় বিয়ে করেন নাই এ বৃদ্ধ বয়সে এখন তাঁর একজন সঙ্গীর প্রয়োজনীয়তা অনুভূত হয়। তিনি চল্লিশ বছর বয়সি এক দরিদ্র বিধবাকে বিয়ে করেন। এতে বৃদ্ধ কাশেম আলির নিঃসঙ্গতা দূর হয়। সেই সাথে দরিদ্র বিধবা ও ভরণ-পোষণের ব্যবস্থা হয়।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
খ. তাহেরা বাড়ি থেকে পালিয়েছিল কেন? ২
গ. উদ্দীপকের কাশেম আলি এবং 'বহিপীর' নাটকের বহিপীর— উভয়ের মধ্যে তুলনামূলক আলোচনা করো। ৩
ঘ. উদ্দীপকের কাশেম আলির দৃষ্টিভঙ্গির সাথে 'বহিপীর' নাটকের বহিপীরের দৃষ্টিভঙ্গির কোনো পার্থক্য আছে বলে কি তুমি মনে করো?— তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১. ▶ মজিদ মিয়ার চোখ পড়ে তার মুরিদ কন্যা রাহেলার দিকে। এদিকে মুরিদ তার কন্যার সৎমায়ের পরামর্শে রাহেলাকে মজিদ মোল্লার সাথে বিয়ে দেন। কিন্তু রাহেলা এ বিয়ে মানতে পারে না। বিয়ের রাতেই সে উধাও। অনেক খোঁজাখুজির পর অবশেষে তাকে পাওয়া গেল গ্রামের মাতবর বাড়িতে। মাতবর গিন্নিতাকে ঠাঁই দিলেও ফিরে যেতে বলেন স্বামীর ঘরে। কিন্তু রাহেলা কিছুতেই যাবে না তার অসমবয়সি স্বামীর ঘরে। অবশেষে মাতবরপুত্র কামালের সাথেই তার বিয়ে হয়। পীর মজিদও মেনে নেন বাস্তবতা।

ক. হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১
খ. পীর সাহেবকে বহিপীর বলার কারণ কী? ২
গ. 'বহিপীর' নাটকের যে চরিত্র উদ্দীপকের রাহেলার সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের কামাল যেন 'বহিপীর' নাটকের হাসেম আলির যথার্থ প্রতিরূপ"— তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. জামী ১৯৭১ সালে কোন শ্রেণির ছাত্র ছিল?**
ক) একাদশ খ) দশম
গ) নবম ঘ) অষ্টম

**২. 'ঝর্ণার গান' কবিতায় কোন পাখির নাম উল্লেখ রয়েছে?**
ক) চাতক খ) গাঙচিল
গ) বক ঘ) দোয়েল

**৩. 'ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বার।"— পঙ্ক্তি দ্বারা কী বোঝানো হয়েছে?**
i. বন্ধ উপাসনালয় আবার চালু করা
ii. ধর্ম ব্যবসায়ীদের দৌরাত্ম্য বন্ধ করা
iii. উপাসনালয়ে সকল শ্রেণির মানুষের সম অধিকার প্রতিষ্ঠা করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৪. 'তৃষিত বনের সাথে জেগে ওঠে তৃষাতপ্ত মন।"— এ পঙ্ক্তির মূলভাব হচ্ছে—**
i. বর্ষণমুখর দিনে প্রিয়ার জন্য মন ব্যাকুল হয়ে ওঠে
ii. বর্ষণমুখর দিনে মাঠ-ঘাট ও বনে দেখা দেয় প্রাণের জোয়ার
iii. বৃষ্টি মনকে বিষণ্ন করে, একাকী জীবনে বিরহ বাড়ায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. 'অভাগীর স্বর্গ' গল্পে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় অত্যন্ত দরদি ভাষায় উপস্থাপন করেছেন—**
i. সামন্তবাদের নির্মম চিত্র
ii. নিচু শ্রেণির মানুষের দুঃখ কষ্ট ও যন্ত্রণা
iii. উঁচু শ্রেণির মৃতের অনাড়ম্বর অন্ত্যেষ্টিক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. 'তোমার পতাকা যদি দিয়াছ প্রভু, হীন আমি, তুচ্ছ আমি, নির্বল আমি, তাহা বহন করিবার শক্তি আমায় দাও।'— এই উক্তিতে প্রকাশ পেয়েছে হযরত মুহম্মদ (স.)-এর কোন মনোভাব?**
ক) ইসলামি সাম্রাজ্য প্রতিষ্ঠা
খ) শত্রুদের বিনাশ করা
গ) আল্লাহর বাণী প্রচার করা
ঘ) মানুষকে ক্ষমা করা

**৭. 'তণ্ডুল' শব্দের অর্থ কী?**
ক) তেল খ) জল
গ) চাল ঘ) প্রসাধনী

**৮. 'বাংলা আমার জীবনানন্দ বাংলা প্রাণের সুর, আমি একবার দেখি, বার বার দেখি দেখি বাংলার মুখ' উদ্দীপকের সাথে 'আমার পরিচয়' কবিতার সাদৃশ্য রয়েছে—**
i. আত্মপরিচয়ে ii. সংস্কৃতিতে
iii. সাহিত্যে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. "তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা" কবিতায় কুকুরের আর্তনাদ দ্বারা কী বোঝানো হয়েছে?**
ক) সতর্কসংকেত
খ) প্রাকৃতিক প্রতিবাদ
গ) নবীন রক্তে প্রাণ স্পন্দন
ঘ) হানাদারদের প্রতি ঘৃণা

**১০. ১৯৭১ সালে কোন পত্রিকায় বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' বলে আখ্যায়িত করা হয়েছিল?**
ক) নিউইয়র্ক টাইমস খ) ওয়াশিংটন নিউজ
গ) ডেইলি নিউজ ঘ) নিউজ উইক

**১১. 'কাকতাড়ুয়া' উপন্যাসে ঔপন্যাসিকের কোন জীবন ভাবনা প্রকাশ পেয়েছে?**
i. অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে
ii. প্রতিশোধ গ্রহণ করতে হবে
iii. কিশোরদের যুদ্ধ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১২. হরি কাকু বুধাকে কী নামে ডাকতেন?**
ক) কাকতাড়ুয়া খ) মানিক রতন
গ) খোকা বাবু ঘ) ছন্নছাড়া

**১৩. বুধা বোলতার ডাককে কীসের সঙ্গে তুলনা করে?**
ক) কুন্তির মধুর বচন খ) আহাদ মুনসীর হুংকার
গ) চাচির কণ্ঠস্বর ঘ) মাইন বিস্ফোরণের শব্দ

**১৪. 'বহিপীর' নাটকে অত্যন্ত ধূর্ত ও বাস্তবজ্ঞানসম্পন্ন চরিত্র কোনটি?**
ক) তাহেরা খ) হাশেম আলী
গ) হাতেম আলি ঘ) বহিপীর

**১৫. 'বহিপীর' নাটকে বহিপীর তার স্ত্রীকে উদ্ধারের জন্য—**
i. ধর্মীয় বিয়ের দোহাই দেন
ii. মানবিকতার বাহানা করেন
iii. জমিদারের অসহায়ত্বের সুযোগ গ্রহণ করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৬. 'বহিপীর' নাটকে কোন সময়ের সমাজচিত্র প্রতিফলিত হয়েছে?
   ক) উনিশ শতকের
   খ) উনিশ শতকের শেষ ভাগের
   গ) বিশ শতকের
   ঘ) বিশ শতকের শেষ ভাগের

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সকালে বাচ্চাদের খাওয়ার কিছু থাকে না। তাই দরিদ্র জরিনা রাতের বেলা না খেয়ে তার ভাগের খাবার বাচ্চাদের জন্য রেখে দেয়।

১৭. উদ্দীপক এবং 'আমার সন্তান' কবিতার সাদৃশ্যপূর্ণ ভাবটি কী?
   ক) স্রষ্টার অনুগ্রহ লাভ   খ) পিতামাতার আশীর্বাদ
   গ) নিরাপত্তার ব্যবস্থা করা
   ঘ) সন্তানের প্রতি চিরন্তন ভালোবাসা

১৮. উক্ত ভাবের সাথে সংগতিপূর্ণ চরণ কোনটি?
   ক) সভয়ে পাটুনী কহে চক্ষে বহে জল
   খ) কাঠের সেঁউতি মোর হৈলা অষ্টাপদ
   গ) আমার সন্তান যেন থাকে দুধে ভাতে
   ঘ) দুধে ভাতে থাকিবেক তোমার সন্তান

১৯. 'পুরনো সেই দিনের কথা ভুলবে কিরে হায় ও সেই চোখের দেখা, প্রাণের কথা সে কি ভুলা যায়।' 'কপোতাক্ষ নদ' কবিতার সাথে উদ্ধৃতাংশের মিল রয়েছে—
   ক) স্বদেশ চেতনায়   খ) স্মৃতি কাতরতায়
   গ) দেশের মানুষের প্রতি ভালোবাসায়
   ঘ) অমরত্ব আকাঙ্ক্ষায়

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**
হিন্দু-মুসলিম-বৌদ্ধ-খৃস্টান
দেশ-মাতা এক সকলের—

২০. উদ্ধৃতাংশে 'পয়লা বৈশাখ' প্রবন্ধে যে দিকটি প্রতিফলিত হয়েছে—
   i. অসাম্প্রদায়িক চেতনা ii. ধর্ম নিরপেক্ষ চেতনা
   iii. ঐতিহ্য চেতনা
   **নিচের কোনটি সঠিক?**
   ক) i   খ) ii
   গ) i ও ii   ঘ) i, ii ও iii

২১. উক্ত প্রতিফলিত দিকটির সাথে নিচের কোন বাক্যটির সাদৃশ্য রয়েছে?
   ক) পয়লা বৈশাখ একটি সর্বজনীন উৎসব
   খ) নববর্ষের ঐতিহ্য সুপ্রাচীন
   গ) নববর্ষ বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব
   ঘ) নববর্ষের ইতিহাস গৌরবমণ্ডিত

২২. কোনো দেশে গণতন্ত্র প্রতিষ্ঠার অন্তরায় কোনটি?
   ক) সাধারণ মানুষ   খ) অভিজাত সম্প্রদায়
   গ) শ্রেণিবৈষম্য   ঘ) ছোটলোক সম্প্রদায়

২৩. আশাতীত বেতন দেওয়ায় মমতাদি কীভাবে কৃতজ্ঞতা প্রকাশ করলেন?
   ক) ধন্যবাদ জানিয়ে   খ) বেশি কাজ করে
   গ) কমলালেবু খাইয়ে   ঘ) কথা না বলে

২৪. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে নিচ থেকে ঠেলা বলতে বোঝায়—
   i. সুশৃঙ্খল সমাজব্যবস্থা নিশ্চিত করা
   ii. শিক্ষা-দীক্ষার মারফতে মনুষ্যত্বের স্বাদ পাওয়া
   iii. মূল্যবোধ সৃষ্টি করা
   **নিচের কোনটি সঠিক?**
   ক) i   খ) ii
   গ) i ও ii   ঘ) i, ii ও iii

২৫. 'জীবন সংগীত' কবিতায় দুঃখের কারণ হিসেবে কোনটিকে বোঝানো হয়েছে?
   ক) বৃথা জন্ম ভাবা   খ) সুখের আশা করা
   গ) সংসার সমরাঙ্গনে যুদ্ধ করা
   ঘ) ভবিষ্যতের উপর নির্ভর করা

২৬. 'প্রাণ' কবিতায় কবি অভিলাষ ব্যক্ত করেছেন—
   i. মানুষের বিচিত্র অনুভূতি তার সাহিত্যে তুলে ধরবেন
   ii. তার সৃষ্টির মাধ্যমে সবার কাছে আদৃত হবেন
   iii. সৎ ও শুভকর্ম করে জগতে দীর্ঘ দিন বেঁচে থাকবেন
   **নিচের কোনটি সঠিক?**
   ক) i ও ii   খ) i ও iii
   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৭. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবিকে কে চেনে বলে উল্লেখ করেছেন?
   ক) জোনাকি   খ) বাঁশবাগান
   গ) জমিনের ফুল   ঘ) মাছরাঙা

২৮. 'পালামৌ' অঞ্চলের বনে লেখক কোন গাছ একেবারেই দেখতে পাননি?
   ক) শাল   খ) তমাল
   গ) তাল   ঘ) হিন্তাল

২৯. 'আম আঁটির ভেঁপু' গল্পে অপুর মায়ের নাম কী?
   ক) স্বর্ণগোয়ালিনী   খ) সর্বজয়া
   গ) দুর্গা   ঘ) লক্ষ্মী

৩০. ঘৃতকুমারীর নরম অংশ দিয়ে শরবত তৈরি করা হয়। এর শরবত স্বাস্থ্যের জন্য খুবই উপকারী। উদ্দীপকের 'ঘৃতকুমারীর' সাথে 'নিমগাছ' গল্পের নিমগাছের যে দিক থেকে সাদৃশ্য রয়েছে, তা হলো—
   ক) সৌন্দর্যের   খ) অবহেলার
   গ) কল্যাণের   ঘ) আকৃতির

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd24.com

https://teachingbd24.com